

বাংলাদেশ বিশ্ববিদ্যালয় মঞ্জুরী কমিশন
আগারগাঁও, শেরে বাংলানগর, ঢাকা-১২০৭
রিসার্চ সাপোর্ট এন্ড পাবলিকেশন ডিভিশন
স্কলারশিপ এন্ড ফেলোশিপ শাখা

স্মারক নম্বর: ৩৭.০১.০০০০.০৭১.৩৩.০১১.২০.১০৮৩

তারিখঃ ২১ নভেম্বর ২০২৪

বিষয়: 'ইউজিসি পোস্ট ডক্টোরাল ফেলোশিপ প্রোগ্রাম ২০২৪'-এর জন্য দরখাস্ত আহ্বান।

জনাব

দেশে মানসম্পন্ন উচ্চশিক্ষা নিশ্চিতকরণ, বাস্তবসম্মত গবেষণার প্রসার ও উন্নত স্তরের গবেষণাকে উৎসাহিত করার নিমিত্ত বাংলাদেশ বিশ্ববিদ্যালয় মঞ্জুরী কমিশন প্রবর্তিত 'ইউজিসি পোস্ট ডক্টোরাল ফেলোশিপ' প্রদানের লক্ষ্যে দেশের সকল পাবলিক/প্রাইভেট বিশ্ববিদ্যালয় (শুধুমাত্র স্থায়ী ক্যাম্পাস) এবং সরকারি কলেজের শিক্ষকগণের কাছ থেকে নির্ধারিত ফরমে দরখাস্ত আহ্বান করা যাচ্ছে। এক বছরে সর্বাধিক ১০ (দশ) জনকে ফেলোশিপ প্রদানের সুযোগ আছে। ইউজিসি পোস্ট ডক্টোরাল ফেলোশিপ এর নীতিমালা, আবেদন ফরম, বিজ্ঞপ্তি ও তথ্য ছক এতদসঙ্গে প্রেরণ করা হলো। অনুগ্রহ করে আপনার প্রতিষ্ঠানের সকল অনুষদ, বিভাগ ও ইনস্টিটিউট এবং সরকারি কলেজসমূহে বহুল প্রচারের প্রয়োজনীয় ব্যবস্থা গ্রহণ করার জন্য অনুরোধ করা যাচ্ছে। এছাড়াও পোস্ট ডক্টোরাল ফেলোশিপ আবেদন ফরম, তথ্য ছক, বিজ্ঞপ্তি ও নীতিমালা কমিশনের ওয়েবসাইট www.ugc.gov.bd- এর স্কলারশিপ/ফেলোশিপ সেবাবক্সে পাওয়া যাবে।

২। এমতাবস্থায়, যথাযথ কর্তৃপক্ষের মাধ্যমে আত্রহী প্রার্থী কর্তৃক নীতিমালা অনুসরণপূর্বক কমিশন প্রদত্ত আবেদন ফরম ও তথ্য ছক সঠিকভাবে পূরণ করে প্রয়োজনীয় কাগজপত্রসহ সকল তথ্যাদির সফটকপি প্রদত্ত ইমেইলে director_research@ugc.gov.bd এবং স্পাইরাল বাইন্ডিংকৃত হার্ডকপি পরিচালক, রিসার্চ সাপোর্ট এন্ড পাবলিকেশন ডিভিশন, ইউজিসি, আগারগাঁও, শেরে বাংলা নগর, ঢাকা-১২০৭ বরাবর অবশ্যই আগামী ৩১-১২-২০২৪ তারিখের মধ্যে প্রেরণ করার জন্য অনুরোধ করা হলো।

স্বাক্ষরিত/-

সংযুক্তি:

- (১) আবেদন ফরম;
- (২) তথ্য ছক;
- (৩) বিজ্ঞপ্তি;
- (৪) নীতিমালা।

মোহাম্মদ নজরুল ইসলাম
উপপরিচালক (স্কলারশিপ এন্ড ফেলোশিপ)

(আত্রহী সম্মানিত শিক্ষকগণকে আগামী ২২-১২-২০২৪ তারিখের মধ্যে সংশ্লিষ্ট আবেদনপত্র রেজিস্ট্রার বরাবর প্রেরণের জন্য অনুরোধ জানানো যাচ্ছে)


শেরেবাংলা কৃষি বিশ্ববিদ্যালয়
শেরেবাংলা নগর
ঢাকা-১২০৭।

স্মারক নং-শেকুবি/শিক্ষা ও বৃত্তি/২৩(১)/২০২৩/৬০৪

তারিখঃ ২২-১২-২০২৪

অনুলিপি (সদয় অবগতি/কার্যার্থে) :

- ১। ডীন, কৃষি/এগ্রিবিজনেস ম্যানেজমেন্ট/এনিম্যাল সায়েন্স এন্ড ভেটেরিনারি মেডিসিন/ফিশারিজ, একোয়াকালচার এন্ড মেরিন সায়েন্স অনুষদ/পোস্ট গ্রাজুয়েট স্টাডিজ, শেকুবি, ঢাকা
- ২। বিভাগীয় চেয়ারম্যান (সকল), শেকুবি, ঢাকা
- ৩। পরিচালক (আইসিটি সেল), শেকুবি (বিজ্ঞপ্তিটি শেকুবি'র ওয়েবসাইটে প্রচারের অনুরোধসহ)
- ৪। জনসংযোগ কর্মকর্তা, জনসংযোগ দপ্তর (বিজ্ঞপ্তিটি প্রচারের অনুরোধসহ), শেকুবি, ঢাকা
- ৫। ভিসি মহোদয়ের একান্ত সচিব (ভিসি মহোদয়ের সদয় অবগতির জন্য), শেকুবি, ঢাকা
- ৬। পি.এ.টু প্রো-ভিসি (প্রো-ভিসি মহোদয়ের সদয় অবগতির জন্য), শেকুবি, ঢাকা
- ৭। পি.এ.টু ট্রেজারার (ট্রেজারার মহোদয়ের সদয় অবগতির জন্য), শেকুবি, ঢাকা
- ৮। পি.এ.টু রেজিস্ট্রার (রেজিস্ট্রার মহোদয়ের সদয় অবগতির জন্য), শেকুবি, ঢাকা
- ৯। সকল নোটিশ বোর্ড, শেকুবি, ঢাকা
- ১০। অফিস কপি


(খন্দকার সেলিম রেজা)
ডেপুটি রেজিস্ট্রার (শিক্ষা ও বৃত্তি)
শেকুবি, ঢাকা-১২০৭